অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/17/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল আজ সাফোক কাউন্টিতে 30 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের সাশ্রয়ী আবাসন প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা ঘোষণা করেছেন

আইস্লিপ টাউনের বেশোর সিনিয়র রেসিডেন্সে 55 বছর বা তার বেশি বয়সীদের জন্য 75টি সাশ্রয়ী এপার্টমেন্ট রয়েছে

LGBT নেটওয়ার্কের মাধ্যমে প্রদত্ত সমর্থন সেবার প্রয়োজন এমন পরিবারগুলির জন্য বারোটি এপার্টমেন্ট বরাদ্দ রয়েছে

LGBT নেটওয়ার্কের অত্যাধুনিক সিনিয়র সেন্টার কমিউনিটি সেবা এবং প্রোগ্রামিং অফার করবে

ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে সাফোক কাউন্টির হ্যামলেট অফ বে শোর এলাকায় 30 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের আবাসন প্রকল্পের কাজ শেষ হয়েছে। বেশোর সিনিয়র রেসিডেন্সে অন্তত একজন 55 বছর বা তার বেশি বয়সী সদস্যসহ পরিবারগুলির জন্য 75টি সাশ্রয়ী এপার্টমেন্ট রয়েছে LGBT নেটওয়ার্ক ভবনের নিচ তলায় সিনিয়র সেন্টার পরিচালনা করবে।

"নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলি সমৃদ্ধ হয় যখন সবাই—কেবল ধনী এবং সুবিধাসম্পন্ন মানুষ নয়—একটি নিরাপদ এবং সাশ্রয়ী আবাস পায়," **গভর্নর হোচুল বলেন।** "তাই আমার প্রশাসন সবার জন্য আবাসন সমতা অর্জনের লক্ষ্যে লড়াই করবে, বিশেষ করে LGBTQ নিউ ইয়র্কবাসীদের জন্য যারা প্রায়ই গৃহহীনতা বৈষম্য দ্বারা অসমানুপাতিক হারে প্রভাবিত হয়। সকল নিউ ইয়র্কবাসীর জন্য ভালোমানের আবাসন যা তাদের জন্য সাশ্রয়ী এবং তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সহায়তা যেখানে উপলভ্য তা নিশ্চিত করার আমাদের অঙ্গীকারের আরেকটি উদাহরণ হল বেশোর সিনিয়র রেসিডেন্স।"

বেশোর সিনিয়র রেসিডেন্সে এরিয়া মিডিয়ান ইনকামের 30 থেকে 80 শতাংশের মাঝের আয়ের পরিবারগুলির জন্য 75টি সাশ্রয়ী এপার্টমেন্ট থাকবে। প্রকল্পের ডেভেলপার হল D&F ডেভেলপমেন্ট গ্রুপ, এলএলসি।

LGBT নেটওয়ার্কের মাধ্যমে প্রদত্ত সমর্থন সেবার প্রয়োজন এমন পরিবারগুলির জন্য বারোটি এপার্টমেন্ট বরাদ্দ রয়েছে। সম্পত্তিটিতে আরও রয়েছে 4,000 স্কয়ার ফুটের অত্যাধুনিক সিনিয়র সেন্টার যা ভবনটির নিচ তলায় LGBT নেটওয়ার্কের মাধ্যমে পরিচালিত হবে যা স্বাস্থ্য এবং ভালো থাকা, খাবার এবং পুষ্টি এবং শিল্পকলা সংক্রান্ত সেবা এবং প্রোগ্রামিং অফার করবে।

প্রকল্পটি সুবিধাজনকভাবে খুচরা বিক্রয়ের দোকান, পরিবহন, বিনোদন এবং স্বাস্থ্য সেবার কাছে অবস্থিত। প্রতিটি এপার্টমেন্ট রয়েছে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং। ভবনটিতে রয়েছে একটি লন্ড্রি রুম, একটি কমিউনিটি রুম, একটি ইন্টারকম সিস্টেম এবং সিউকিউরিটি ক্যামেরা। চলাচল এবং শ্রবণে অক্ষমতা সহ ব্যক্তিদের জন্য সুবিধাসহ এগারোটি এপার্টমেন্ট রয়েছে।

বেশোর সিনিয়র রেসিডেন্সের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল এবং স্টেট নিম্ন আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট যা ইকুইটিতে 19 মিলিয়ন মার্কিন ডলার এবং হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) থেকে ভর্তুকি হিসাবে প্রাপ্ত 3.2 মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। বাড়তি অর্থায়ন কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন (Community Preservation Corporation, CPC)/ নিউ ইয়র্ক সিটি এমপ্লয়ি রিটায়ারমেন্ট সিস্টেম (New York City Employee Retirement System, NYCERS), সাফোক কাউন্টি, একটি বিলম্বিত ডেভেলপার ফি এবং D&F/LGBT নেটওয়ার্ক ইকুইটির মাধ্যমে করা হয়েছে।

HCR কমিশনার রুথ অ্যান ভিসনসকাস বলেন, "মহামারী থেকে আমাদের পুনরুদ্ধারের পথ ন্যায়বিচারের প্রতি আমাদের অঙ্গীকার এবং সবচেয়ে বেশি অভাবগ্রস্তদের সহায়তা করার প্রচেষ্টার উপর নির্ভরশীল। LGBT নেটওয়ার্ক এবং D&F ডেভেলপমেন্ট গ্রুপের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, আমরা 75টি পরিবারের জন্য নিরাপদ এবং স্বাগত আবাসন পরিবেশ এবং একটি নতুন সিনিয়র সেন্টারের ব্যবস্থা করেছি যা সাফোক কাউন্টির LGBT সম্প্রদায়কে সুবিধা এবং সমৃদ্ধি এনে দেবে। 32 মিলিয়ন মার্কিন ডলারের বেশোর সিনিয়র রেসিডেন্সে বিভিন্ন সেবা এবং প্রোগ্রাম রয়েছে যা বাসিন্দাদের গর্বিত, সচল, স্বাস্থ্যকর এবং পরিপূর্ণ জীবনযাপনে ক্ষমতায়ন করবে। এই ধরণের প্রকল্প নিউ ইয়র্কের বৈচিত্র্যকে সম্মান জানায় এবং সবার জন্য সুযোগ এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে।"

বেশোর সিনিয়র রেসিডেন্স স্টেটের অভূতপূর্ব পাঁচ বছর মেয়াদী 20 বিলিয়ন মার্কিন ডলারের আবাসিক পরিকল্পনার অংশ যার মধ্যে রয়েছে 100,000-টিরও বেশি সাশ্রয়ী আবাস নির্মাণ অথবা সংরক্ষণ এবং 6,000 সহায়ক পরিষেবাসহ আবাসন নির্মাণ অথবা সংরক্ষণ। 2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট হোমস্ এবং কমিউনিটি রিনিউয়াল লং আইল্যান্ডে 366 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে যা প্রায় 3,000 সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করেছে।

পিটার জি. ফ্লোরি, D&F ডেভেলপমেন্ট গ্রুপ, এলএলসি এর প্রিন্সিপাল বলেন, "আমরা NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, সাফোক কাউন্টি ডিপার্টমেন্ট অফ ইকোনোমিক ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং (Suffolk County Department of Economic Development and Planning), আইস্লিপ শহর, আইস্লিপ শহরের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Industrial Development Agency), POKO পার্টনারস, এলএলসি, জেণোলিথ পার্টনারস এলএলসি, লং

আইল্যান্ড হাউজিং পার্টনারশিপ (Long Island Housing Partnership) এবং অবশ্যই LGBT নেটওয়ার্ককে ধন্যবাদ জানাতে চাই যারা প্রথম এই ধরণের আবাসন নির্মাণে প্রয়োজনীয় তহবিল এবং সমর্থন প্রদান করেছে। এই সমর্থন ছাড়া, এই অত্যধিক গুরুত্বপূর্ণ নির্মাণ সম্ভবপর ছিল না।"

LGBT নেটওয়ার্কের প্রেসিডেন্ট/সিইও ডঃ দেভিড কিল্মনিক বলেন, "আমরা লং আইল্যান্ডে জাতির প্রথম শহুরে LGBT/LGBT-ফ্রেন্ডলি সাশ্রয়ী আবাসন এবং আমাদের তৃতীয় LGBT কমিউনিটি সেন্টার খুলতে পেরে গর্বিত। কয়েক বছর আগের ভিত্তি প্রস্তর স্থাপন থেকে শুরু করে এই মুহূর্ত পর্যন্ত আমরা যে সমর্থন পেয়েছি তা আমাদের কমিউনিটি কত দূর এসেছে এবং কিভাবে আমরা আমাদের অঞ্চলে LGBT কমিউনিটিকে একসাথে আলিঙ্গন করছি তার প্রমাণ। যদিও পথ অনেক বাকি আছে, নতুন আবাসন এবং LGBT সেন্টার, এবং পাশাপাশি স্বাস্থ্য এবং মানব সেবা এবং পরামর্শ প্রোগ্রামগুলি আমাদের বয়স্ক LGBT নাগরিকদের ভয়হীনভাবে সম্মানের সাথে বৃদ্ধ হতে এবং গর্বের সাথে তাদের জীবন প্রদর্শন, আলিঙ্গন, মূল্যায়ন এবং উদযাপন করার সুযোগ দেবে। আমাদের নিশ্চিত করতে হবে যেন আমরা আমাদের বয়স্ক LGBT সদস্যদের সম্মান এবং দেখভাল করি, কারণ আমাদের আজকে যেসব অধিকার রয়েছে তা পেতে তাদের প্রজন্ম কঠিন লড়াই করেছে।"

সিনেটর ফিল বয়েল বলেন, "আমি হ্যামলেট অফ বে শোরে প্রথম LGBT-ফ্রেন্ডলি সাশ্রয়ী সিনিয়র এপার্টমেন্ট কমপ্লেক্সকে স্বাগত জানাতে পেরে আনন্দিত। সাশ্রয়ী আবাসনের পাশাপাশি, LGBT নেটওয়ার্ক পরিচালিত অত্যাধুনিক সিটিজেন সেন্টার বাসিন্দাদের জন্য খুবই লাভজনক হবে। আমি স্টেটের হাউজিং অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এজেন্সিকে 3.2 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদানের জন্য ধন্যবাদ জানাই যা এই ঐতিহাসিক প্রকল্পকে বাস্তবায়িত করা সম্ভব করতে সাহায্য করেছে।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "সাশ্রয়ী আবাসন আমাদের ডাউনটাউনগুলির উন্নতির জন্য অত্যাবশ্যকীয়, এবং কেবল তরুণ জনগোষ্ঠীই এইধরনের এপার্টমেন্টের খোঁজ করে না, সিনিয়র যারা পরিবারের আকার ছোট করতে চাচ্ছেন এবং একটি বাড়ির ব্যবস্থাপনার দায়িত্ব থেকে ছুটি চাচ্ছেন তারাও এর খোঁজ করে। এই LGBT-ফ্রেন্ডলি প্রকল্প, যা লং আইল্যান্ডে এইধরনের প্রথম প্রকল্প, সাফোক কাউন্টিতে সিনিয়রদের একটি স্থায়ী, নিরাপদ আবাসন প্রদান করবে যারা পূর্বে এমন একটি জায়গা খুঁজে বের করতে সমস্যার মুখোমুখি হয়েছেন যা তাদের আপন করে নেবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন